রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, এপ্রিল ১২, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থ বিভাগ**
**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ/ ১১ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং ৮৪-আইন/২০২৩।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় এবং উহার অধীনস্থ দপ্তর/বিভাগসমূহ, হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) ও কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) এর নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "এসএএস পরীক্ষা" অর্থ বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কার্যালয় কর্তৃক পরিচালিত সাব-অর্ডিনেট একাউন্টস সার্ভিস পরীক্ষা (Subordinate Accounts Service Examination);

(খ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক বা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মচারী;

(ঙ) "পদ" অর্থ তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ;


**মূল্য** ঃ টাকা ২৪.০০

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোনো পদে নিয়োগের জন্য তফসিল-১ এ উল্লিখিত যোগ্যতা;

(ছ) "বিভাগীয় প্রার্থী" অর্থ বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় এবং উহার অধীনস্থ দপ্তর/বিভাগসমূহ, হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) ও কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) এর রাজস্ব খাতে সৃষ্ট কোনো পদে অন্যূন ২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে নিয়োজিত এইরূপ কোনো কর্মচারী, যাহার বিজ্ঞাপিত পদে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতা রহিয়াছে এবং সরকারি চাকরিতে প্রথম নিয়োগের সময় তাহার বয়স সরাসরি নিয়োগের জন্য নির্ধারিত বয়সসীমার মধ্যে ছিল;

(জ) "শিক্ষানবিশ" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ঝ) "সিজিপিএ" বা "জিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA) বা Grade Point Average (GPA); এবং

(ঞ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলের বিধান অনুযায়ী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) পদায়নের মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদে নিয়োগের জন্য তফসিল-১ এ বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভুত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করিবে:

তবে শর্ত থাকে যে, ২০তম গ্রেডভুক্ত কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা হইবে কিনা তাহা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে অথবা, তদন্ত হইলে, তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৬) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিলে, স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৭ ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত কোনো ব্যক্তি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, কমিশনের আওতাভুক্ত কোনো পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) কোনো অস্থায়ী পদে এই বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং সংশ্লিষ্ট পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশ**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশির স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করিয়া থাকে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলিবারকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইবে, সেই সকল কর্মচারীকে শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

(৬) এই বিধির অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, এসএএস সুপারিনটেনডেন্ট পদে সরাসরি নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে, সরকার কর্তৃক নির্ধারিত সময়ের জন্য এবং নির্ধারিত বেতন ও ভাতায়, প্রথমে উক্ত পদে শিক্ষানবিশ হিসাবে নিয়োগ করা হইবে এবং উক্ত সময়ের মধ্যে এসএএস পরীক্ষায় উত্তীর্ণ হইলে তাহাকে, উক্ত পরীক্ষায় উত্তীর্ণের তারিখ হইতে, এসএএস সুপারিনটেনডেন্ট পদে নিয়মিতভাবে নিয়োগ প্রদান করা হইবে।

(৭) উপ-বিধি (৬) এ উল্লিখিত কোনো শিক্ষানবিশ এসএএস পরীক্ষায় উত্তীর্ণ হইতে ব্যর্থ হইলে, তাহার সম্মতির ভিত্তিতে, পদ শূন্য থাকা সাপেক্ষে, তাহাকে অডিটর পদে নিয়োগ প্রদান করা যাইবে এবং সম্মতি প্রদান না করিলে তাহার শিক্ষানবিশকাল সমাপ্ত হইবে।

৭। **বিশেষ বিধান।**—কোনো পদ পূরণের ক্ষেত্রে পদায়ন, সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য সংরক্ষিত কোটা বিভাজনের ক্ষেত্রে কোনো ভগ্নাংশ দেখা দিলে উভয় কোটার ভগ্নাংশকে পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত করিতে হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) the Non-Gazetted Employess (Office of the Comptroller and Auditor-General and its Subordinate Offices) Recruitment Rules,1983 ও the Audit and Accounts Officer, Deputy Assistant Military Account General, Deputy Assistant Controller of Military Accounts and Superintendent [Civil/Military/Post, Telegraph and Telephone (Audit and Accounts Department)] Recruitment Rules, 1983, অতঃপর উক্ত Rules সমূহ বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, উক্ত Rules-সমূহের অধীন—

(ক) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন; এবং

(খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, উক্ত Rules-সমূহের অধীন গৃহীত কোনো কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা, এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত Rules-সমূহের অধীনে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ এই বিধিমালা কার্যকর হইবার তারিখে যে পদে অধিষ্ঠিত থাকিবেন, কেবল সেই পদ হইতে পরবর্তী উচ্চতর কোনো পদে পদোন্নতি প্রদানের বিষয়ে উক্ত Rules-সমূহে যে বিধান রহিয়াছে, সংশ্লিষ্ট পদোন্নতি সেই বিধানের আলোকেই সম্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**
**[বিধি-২(গ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | সিনিয়র সিস্টেম এনালিস্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২। | সিস্টেম এনালিস্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩। | প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৪। | মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫। | অ্যাসিসট্যান্ট প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৬। | অ্যাসিসট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৭। | (ক) অডিট এন্ড একাউন্টস অফিসার;<br>(খ) ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ফাইন্যান্স কন্ট্রোলার | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) এসএএস সুপারিনটেনডেন্ট পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) এসএএস পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮। | লাইব্রেরিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে লাইব্রেরি সায়েন্সে ডিপ্লোমা। |
| ৯। | এসএএস সুপারিনটেনডেন্ট | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br><br>(ক) ৮০ ভাগ পদ বিভাগীয় হিসাব রক্ষক পদ হইতে পদায়ন বা অডিটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br><br>(খ) ২০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদায়নের ক্ষেত্রে:</u>**<br><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br><br>(খ) এসএএস পরীক্ষায় উত্তীর্ণসহ অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতাসম্পন্ন বিভাগীয় হিসাব রক্ষকগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে:<br><br>তবে শর্ত থাকে যে, বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক বিশেষ বিবেচনায়, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, এসএএস পরীক্ষায় উত্তীর্ণের শর্ত শিথিল করিতে পারিবেন। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>এসএএস পরীক্ষায় উত্তীর্ণ:<br>তবে শর্ত থাকে যে, এসএএস পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ অডিটর পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে:<br>আরও শর্ত থাকে যে, বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক বিশেষ বিবেচনায়, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, এসএএস পরীক্ষায় উত্তীর্ণের শর্ত শিথিল করিতে পারিবেন।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) বিধি-৬ এর উপ-বিধি (৬) এর বিধান অনুযায়ী। |
| ১০। | বিভাগীয় হিসাব রক্ষক | - | মোট পদের শতকরা-<br>(ক) ৩৪ ভাগ পদ নিম্নবর্ণিত দফা (খ) ও (গ)-তে উল্লিখিত পদধারীগণের | (ক) বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কার্যালয় কর্তৃক পরিচালিত বিভাগীয় হিসাব রক্ষক পরীক্ষায় উত্তীর্ণ; এবং |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রস্তুতকৃত সমন্বিত মেধা তালিকা অনুযায়ী;<br><br>(খ) ৩৩ ভাগ পদ অডিটর পদে কর্মরত ব্যক্তিগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে; এবং<br><br>(গ) ৩৩ ভাগ পদ সিনিয়র একাউন্টস ক্লার্ক, হিসাব রক্ষক, সিনিয়র হিসাব সহকারী, অফিস সহকারী- কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও হিসাব সহকারী পদে কর্মরত ব্যক্তিগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে। | (খ) নিরীক্ষা, বেসামরিক হিসাব এবং প্রতিরক্ষা অর্থ বিভাগের অডিটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা<br><br>(গ) গণপূর্ত অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সিনিয়র একাউন্টস ক্লার্ক পদে অন্যূন ৩(তিন) বৎসর অথবা হিসাব রক্ষক বা সিনিয়র হিসাব সহকারী পদে অন্যূন ৭(সাত) বৎসর অথবা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা হিসাব সহকারী পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১১। | অডিটর | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br><br>(ক) ৩০ ভাগ পদ ক্যাশিয়ার, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, জুনিয়র অডিটর, জুনিয়র অডিটর (এলডিএ-কাম-মুদ্রাক্ষরিক) ও কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে কর্মরত ব্যক্তিগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে; এবং<br><br>(খ) ৭০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br><br>(ক) ক্যাশিয়ার, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর বা কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি; অথবা<br>(খ) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৭(সাত) বৎসর অথবা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ও সাঁটমুদ্রাক্ষরিক- কাম-কম্পিউটার অপারেটর পদে সম্মিলিতভাবে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; অথবা<br>(গ) জুনিয়র অডিটর, জুনিয়র অডিটর (এলডিএ-কাম-মুদ্রাক্ষরিক) বা কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।<br><br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br><br>(ক) কম্পিউটার চালনায় এমএস অফিস এপ্লিকেশনে প্রশিক্ষণসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(খ) বিধি ৬ এর উপ-বিধি (৭) এর বিধান অনুযায়ী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১২। | সিনিয়র একাউন্টস ক্লার্ক | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ২৫ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৭৫ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>গণপূর্ত অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের হিসাব সহকারী পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১৩। | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় এমএস অফিস এপ্লিকেশনে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | মোট পদের শতকরা-<br>(ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>(ক) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫। | কেয়ার টেকার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় এমএস অফিস এপ্লিকেশনে প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ১৬। | স্টোরকিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় এমএস অফিস এপ্লিকেশনে প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ১৭। | কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৮। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (গ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৯। | চেক অপারেটর | পদোন্নতি, অবসর, মৃত্যু, পদত্যাগ বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে শূন্য পদটি বিলুপ্ত হইবে। | | |
| ২০। | জুনিয়র অডিটর | ৩০ বৎসর | মোট পদের শতকরা- (ক) ২৫ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে: তবে শর্ত থাকে যে, উক্ত পদের শতকরা ৪০ ভাগ পদ রেকর্ড কিপার, ফটোকপি অপারেটর, বার্তাবাহক, ক্যাশ সরকার, সর্টার, জমাদার ও দপ্তরী এবং ৬০ ভাগ পদ অফিস সহায়ক পদে কর্মরতগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে: আরও শর্ত থাকে যে, কোনো গ্রুপে প্রয়োজনীয় সংখ্যক প্রার্থী পাওয়া না গেলে সেই | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>** (ক) রেকর্ড কিপার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা (খ) বার্তাবাহক, ক্যাশ সরকার বা ফটোকপি অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা (গ) সর্টার, জমাদার বা দপ্তরী পদে ৭ (সাত) বৎসরের চাকরি; অথবা (ঘ) অফিস সহায়ক পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি; অথবা (ঙ) বার্তাবাহক ও দপ্তরী পদে সম্মিলিতভাবে অন্যূন ৭(সাত) বৎসর বা ক্যাশ সরকার ও দপ্তরী পদে সম্মিলিতভাবে অন্যূন ৭(সাত) বৎসর বা ফটোকপি অপারেটর ও দপ্তরী পদে সম্মিলিতভাবে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; অথবা (চ) বার্তাবাহক ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ১০(দশ) বৎসর বা ক্যাশ সরকার ও অফিস |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | ক্ষেত্রে বিধি বিধান পালন সাপেক্ষে অন্য গ্রুপ হইতে পদোন্নতিযোগ্য পদ পূরণ করা যাইবে; এবং<br>(খ) ৭৫ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ১০(দশ) বৎসর বা ফটোকপি অপারেটর ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ১০(দশ) বৎসরের চাকরি; অথবা<br>(ছ) বার্তাবাহক, দপ্তরী ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ১০(দশ) বৎসর বা ক্যাশ সরকার, দপ্তরী ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ১০(দশ) বৎসর বা ফটোকপি অপারেটর, দপ্তরী ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি; অথবা<br>(জ) সর্টার ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ১০ (দশ) বৎসর বা জমাদার ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ১০(দশ) বৎসর বা দপ্তরী ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ১০(দশ) বৎসরের চাকরি; এবং<br>(ঝ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২১। | জুনিয়র অডিটর (এলডিএ-কাম-মুদ্রাক্ষরিক) | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ২৫ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, উক্ত পদের শতকরা ৪০ ভাগ পদ রেকর্ড কিপার ও ফটোকপি অপারেটর এবং ৬০ ভাগ পদ অফিস সহায়ক পদে কর্মরত ব্যক্তিগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে; এবং<br>(খ) ৭৫ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>(ক) রেকর্ড কিপার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা<br>(খ) ফটোকপি অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা<br>(গ) অফিস সহায়ক পদে অন্যূন ১০ (দশ) বৎসর বা ফটোকপি অপারেটর ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ১০(দশ) বৎসরের চাকরি;<br>(ঘ) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(ঙ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২২। | কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | মোট পদের শতকরা-<br>(ক) ৪০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>(ক) ফটোকপি অপারেটর পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি; অথবা<br>(খ) দপ্তরী পদে অন্যূন ৪ (চার) বৎসর বা ফটোকপি অপারেটর ও দপ্তরী পদে সম্মিলিতভাবে অন্যূন ৪(চার) বৎসরের চাকরি; অথবা<br>(গ) অফিস সহায়ক পদে অন্যূন ৭ (সাত) বৎসর বা দপ্তরী ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ৭(সাত) বৎসর বা ফটোকপি অপারেটর, দপ্তরী ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; অথবা<br>(ঘ) বার্তাবাহক পদে অন্যূন ২(দুই) বৎসরের চাকরি; অথবা<br>(ঙ) বার্তাবাহক ও দপ্তরী পদে সম্মিলিতভাবে অন্যূন ৪(চার) বৎসরের চাকরি; অথবা<br>(চ) বার্তাবাহক, দপ্তরী ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি;<br>(ছ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(জ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৩। | ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ হালকা বা ভারী (প্রযোজ্য ক্ষেত্রে) যানবাহন চালনার লাইসেন্স; এবং<br>(খ) গাড়ি চালনায় অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ২৪। | টেলিফোন অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৫। | রেকর্ড কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় এমএস অফিস এপ্লিকেশনে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৬। | বার্তাবাহক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) দপ্তরী পদে অন্যূন ২ (দুই) বৎসর অথবা অফিস সহায়ক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসর অথবা দপ্তরী ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) মোটর সাইকেল চালনার লাইসেন্স।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোটর সাইকেল চালনার লাইসেন্স;<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(ঘ) তফসিল-৪ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৭। | ক্যাশ সরকার | - | পদোন্নতির মাধ্যমে। | দপ্তরী পদে অন্যূন ২ (দুই) বৎসর অথবা অফিস সহায়ক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা দপ্তরী ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৮। | ফটোকপি অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) দপ্তরী পদে অন্যূন ২ (দুই) বৎসর অথবা অফিস সহায়ক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসর অথবা দপ্তরী ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) ফটোকপি মেশিন চালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ফটোকপি মেশিন চালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(ঘ) তফসিল-৪ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৯। | সর্টার | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ২০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৮০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহায়ক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩০। | জমাদার | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ৩১। | হেলপার (বাস) | পদোন্নতি, অবসর, মৃত্যু, পদত্যাগ বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৩২। | দপ্তরী | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ৩৩। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৪। | নিরাপত্তা প্রহরী | পদোন্নতি, অবসর, মৃত্যু, পদত্যাগ বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী পদ পূরণ করিতে হইবে। | | |
| ৩৫। | মালী | পদোন্নতি, অবসর, মৃত্যু, পদত্যাগ বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী পদ পূরণ করিতে হইবে। | | |
| ৩৬। | পরিচ্ছন্নতা কর্মী | পদোন্নতি, অবসর, মৃত্যু, পদত্যাগ বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী পদ পূরণ করিতে হইবে। | | |

**তফসিল-২**
**[বিধি-২(গ) দ্রষ্টব্য]**

ক্যাশিয়ার, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, জুনিয়র অডিটর, জুনিয়র অডিটর (এলডিএ-কাম-মুদ্রাক্ষরিক) এবং কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি:—

| ক্রমিক নং | পরীক্ষা | বিষয় | নম্বর | সর্বনিম্ন পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | লিখিত | বাংলা | ২৫ | ৫০% | ৯০ মিনিট |
| | | ইংরেজি | ২৫ | | |
| | | গণিত | ২০ | | |
| | | সাধারণ জ্ঞান | ২০ | | |
| ২। | মৌখিক | - | ১০ | - | - |
| সর্বমোট নম্বর= ১০০ | | | | | |

**ব্যাখ্যা।**—(১) নিম্নবর্ণিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যথা:—

(ক) লিখিত পরীক্ষায়; এবং

(খ) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য তফসিল-৩ এবং জুনিয়র অডিটর ও জুনিয়র অডিটর (এলডিএ-কাম-মুদ্রাক্ষরিক) পদের জন্য তফসিল-৪ এ বর্ণিত পরীক্ষা।

(২) ই-মেইল, ফ্যাক্স মেশিন, ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তফসিল-৩**
**[বিধি-২(গ) দ্রষ্টব্য]**

সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর এবং কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ক্ষেত্রমত, সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য প্রার্থীদের সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার নাম, গতি, নম্বর, ইত্যাদি:—

| ক্রমিক নং | পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষার মোট নম্বর | বাংলা পরীক্ষার মোট নম্বর | প্রতি বিষয়ে পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| সাঁটলিপি গতি | | | | | | | | | |
| ১। | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| ২। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| কম্পিউটার মুদ্রাক্ষর গতি | | | | | | | | | |
| ৪। | কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| ৩। | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| ৫। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা।—**

(১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ (ত্রিশ) মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫(পাঁচ)টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।

## তফসিল-৪
**[বিধি-২(গ) দ্রষ্টব্য]**

জুনিয়র অডিটর, জুনিয়র অডিটর (এলডিএ-কাম-মুদ্রাক্ষরিক), টেলিফোন অপারেটর, বার্তাবাহক এবং ফটোকপি অপারেটর, পদে, ক্ষেত্রমত, সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার বিষয়, সময়, গতি, নম্বর, ইত্যাদি:—

| ক্রমিক নং | বিষয় | সময় | সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | ইংরেজি | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | ৫০% |
| ২। | বাংলা | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | |

**ব্যাখ্যা।—**

(১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।

## তফসিল-৫
**[বিধি-২(গ) দ্রষ্টব্য]**

রেকর্ড কিপার, বার্তাবাহক, ফটোকপি অপারেটর, সর্টার ও অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি:—

| ক্রমিক নং | পরীক্ষা | বিষয় | নম্বর | সর্বনিম্ন পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | লিখিত | বাংলা | ২৫ | ৫০% | ১ ঘণ্টা |
| | | ইংরেজি | ২৫ | | |
| | | গণিত | ২০ | | |
| | | সাধারণ জ্ঞান | ২০ | | |
| ২। | মৌখিক | - | ১০ | - | - |
| সর্বমোট= ১০০ | | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফাতিমা ইয়াসমিন**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত। হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd